

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৪৫ (আগরতলা, ২০১৩)
উদয়পুর, ২০মার্চ, ২০১৭

গোমতী জিলা পরিষদের সভায় উন্নয়ন কাজের পর্যালোচনা

গোমতী জিলা পরিষদের কনফারেন্স হলে গত ১৮ মার্চ জিলা পরিষদের সাধারণ সভায় বিভিন্ন দপ্তরের কাজ কর্মের পর্যালোচনা করা হয়। সভায় সভাপতিত্ব করেন জিলা পরিষদের সহকারী সভাপতি দীনবন্ধু দাস। সভায় গোমতী জেলার জেলা শাসক র্যাভেল হেমেন্দ্র কুমার, অতিরিক্ত জেলা শাসক অনিমেস দাস, জিলা পরিষদের সদস্যগণ, পঞ্চায়েত সমিতি ও বি এ সি'র চেয়ারম্যানগণ, বিভিন্ন ব্লকের বি ডি ও গণসহ জেলার বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় চলতি অর্থ বছরে বিভিন্ন দপ্তরের গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্মের অগ্রগতি ও বাস্তবায়নের উপর বিস্তারিত আলোচনা করা হয়। সভায় জানানো হয়, চলতি অর্থ বছরে এখন পর্যন্ত এম জি এন রেগায় বিভিন্ন কর্মসূচী রূপায়ণে ৬৫,৭৫,৫০৪টি কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। এতে মোট ১৭২ কোটি ২৭ লক্ষ ২৫ হাজার টাকা ব্যয় হয়েছে। শ্রমিকরা গড়ে কাজ পেয়েছেন ৮১ দিন। আই এ ওয়াই প্রকল্পে গত অর্থবর্ষে গৃহ নির্মাণের লক্ষ্যমাত্রা ছিল ১,৭৬৬টি। এখন পর্যন্ত ১,৩৫৮টি গৃহ নির্মাণের কাজ শেষ হয়েছে। বাকী ঘরগুলির নির্মাণ কাজ চলছে। রাজ্য সরকার আবাসন যোজনায় গৃহ নির্মাণে লক্ষ্যমাত্রা ছিল ৯৯৪টি। এখন পর্যন্ত ৭১৪টি ঘর নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। বাকী ঘরগুলি ৩১ মার্চের মধ্যে শেষ করার উদ্যোগ নেয়া হয়েছে। প্রধান মন্ত্রী আবাস যোজনায় জেলায় ২২৭৫টি গৃহ নির্মাণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। তারমধ্যে এস টি ১১৯২টি, এস সি ২৭৩টি, সংখ্যালঘু ১২১টি, অন্যান্য ৬৮৯টি পরিবার রয়েছে। সভায় জানানো হয়, স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে ২০১৬-১৭ বছরে শৌচাগার নির্মাণের লক্ষ্যমাত্রা ছিল ৯৩১৭টি। এর মধ্যে এখন পর্যন্ত নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে ১৬৬৩টির। বাকীগুলির কাজ চলছে। এছাড়া, রেগায় ৭৯৯৬টি বি পি এল পরিবারকে শৌচাগার তৈরী করে দেওয়া হয়েছে। স্বচ্ছ ভারত কোশ প্রকল্পে এ পি এল, বি পি এল ৫৪১৫টি পরিবারকে শৌচাগার তৈরী করে দেওয়া হয়েছে। আরও ৩৫৯১টি শৌচাগার তৈরীর কাজ চলছে। সভায় জিলা পরিষদের সহকারী সভাপতি দীনবন্ধু দাস-বিভিন্ন দপ্তরের গৃহীত উন্নয়নমূলক কর্মসূচীগুলি যথা সময়ে শেষ করার উপর গুরুত্ব আরোপ করেন।
